ঝিনাইদহে দৈনিক সময়ের আলো পত্রিকার প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

ঝিনাইদহে দৈনিক সময়ের আলো পত্রিকার ৬ষ্ট প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে। আজ শনিবার (০২ মার্চ) দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে আলোচনা সভা ও কেক কেটে কর্মসূচী পালন করা হয়।ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক রথীন্দ্রনাথ রায় ।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন দৈনিক সময়ের আলোর জেলা প্রতিনিধি কাজী আলী আহাম্মেদ লিকু, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মাহামুদ হাসান টিপু, সহ-সভাপতি ফয়সাল আহমেদ, এম রবিউল ইসলাম রবি, দপ্তর সম্পাদক শাহানুর আলম, সাংবাদিক আমিনুল ইসলাম লিটন, আব্দুল হাই, কাজী মোহাম্মদ আলী পিকু, জাফর উদ্দীন রাজু ও ওমর আলী সোহাগ প্রমূখ।

এসময় ঝিনাইদহ প্রেসক্লাবের সাংবাদিক ও সুধিবৃন্দ উপস্থিত ছিলেন। বক্তারা পত্রিকাটির উত্তর উত্তর সমৃদ্ধি ও সফলতা কামনা করেন।

ঝিনাইদহে বিএনপি’র কারামুক্ত নেতাকর্মীদের সংবর্ধনা প্রদান

ঝিনাইদহে বিএনপি’র কর্মীসভা ও কারামুক্ত নেতাদের সংবর্ধনা দেওয়া হয়েছে। শনিবার (০২মার্চ) সকালে শহরের এইএসএস সড়কের দলীয় কার্যালয়ে এ কর্মসূচির আয়োজন করে ঝিনাইদহ জেলা বিএনপি।

সেসময় হরিণাকুন্ডু উপজেলা ও পৌর বিএনপিসহ অঙ্গসংগঠনের কারামুক্ত ৩২ নেতাকর্মীকে ফুল দিয়ে সংবর্ধনা দেওয়া হয়।

হরিণাকুন্ডু পৌর বিএনপির সভাপতি জিন্নাতুন হক খান’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ। বিশেষ অতিথি ছিলেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান, হরিণাকুন্ডু উপজেলা বিএনপির সভাপতি আবুল হাসান মাস্টার, হরিণাকুন্ডু পৌর বিএনপির সাধারণ সম্পাদক আনিচুর রহমান আনিচ।

সেসময় বক্তারা বলেন, আওয়ামী লীগ মিথ্যা মামলায় বিএনপি’র হাজার হাজার নেতাকর্মীদের কারাগারে রেখে পাতানো নির্বাচন করেছে। অবৈধভাবে সরকার গঠন করে পুরো দেশকে কারাগারে রুপান্তর করেছে। আন্দোলনের মাধ্যমে এই অবৈধ সরকারকে পতন করা হবে বলে হুশিয়ারী দেন তারা।

ঝিনাইদহে জাতীয় ভোটার দিবস পালিত

“সঠিক তথ্যে ভোটার হবো, স্মার্ট বাংলাদেশ গড়ে তুলবো” এই শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে ৬ষ্ঠ জাতীয় ভোটার দিবস পালিত হয়েছে।

এ উপলক্ষে শনিবার (২ মার্চ) সকালে শহরের পুরাতন ডিসি কোর্ট চত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালিটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়। পরে নির্বাচন অফিসের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা নির্বাচন অফিসার মোঃ মোখলেছুর রহমান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক রথীন্দ্র নাথ রায়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা মানবধিকার সংস্থার সভাপতি আমিনুর রহমান টুকু, সদর উপজেলা নির্বাচন অফিসার মোঃ কামরুজ্জামান প্রমূখ।

সেসময় বক্তারা বলেন, সঠিক তথ্যে দিয়ে সকল নাগরিকের সময় মতো ভোটার হয়ে স্মার্ট বাংলাদেশ গড়ে তুলবার আহবান জানান।

কোটচাঁদপুরে নানা আয়োজনে জাতীয় বীমা দিবস পালিত

“করবো বীমা গড়বো দেশ স্মার্ট হবে বাংলাদেশ” এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহের কোটচাঁদপুরে নানা আয়োজনে পালিত হয়েছে জাতীয় বীমা দিবস।

দিবসটি উপলক্ষে উপজেলা প্রশাসনের আয়োজনে শুক্রবার (০১ মার্চ) সকালে উপজেলা পরিষদ চত্তর থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের করা হয়।

র্যালীটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে শেষ হয়ে উপজেলা অফির্সাস ক্লাব মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার উছেন মে ।

সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার কুমার, একাডেমি সুপারভাইজার মোঃ ফারুক হোসেন, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম প্রমুখ।

তথ্য সেবা কর্মকর্তা তানিয়া সুলতানার সঞ্চালনায় আলোচনা সভায় বক্তব্য রাখেন পপুলার লাইফ ইনসুরেন্সের এজিএম আবুল কালাম আজাদ, ন্যাশনাল লাইফ ইন্স্যুরেন্সের কোম্পানির কোটচাঁদপুর অফিসের এজিএম মঈন উদ্দীন খান, সোনালী লাইফ ইনসুরেন্সের মুজাহিদুল ইসলাম, ন্যাশনাল লাইফ ইনসুরেন্সের কোম্পানির এ জি এম আল-আমীন,ন্যাশনাল লাইফ ইন্স্যুরেন্সেরকোম্পানির এ জি এম কাজী রওশান আরা।

সে সময় অতিথিরা তাদের বক্তব্যে বলেন, জীবনে চলার পথে বীমার কোন বিকল্প নেই। ১৯৬০ সালের ১লা মার্চ হাজার বছরের শ্রেষ্ঠ সন্তান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান প্রথম কর্মজীবনে আলফা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানিতে যোগদান করেন। সেই হিসাবে বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকীতে বর্তমান সরকার ১লা মার্চকে ১ম জাতীয় বীমা দিবস হিসাবে ঘোষনা করেন।

এসময় অনুষ্ঠানে উপজেলার বিভিন্ন লাইফ ইন্স্যুরেন্সের কর্মরত অফিসার ও মাঠ পর্যায়ের সদস্যরা উপস্থিত ছিলেন। এ সময় উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী, প্রিন্ট মিডিয়ার সাংবাদিক সহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে পৃথক সড়ক দুর্ঘটনায় নিহত ২

ঝিনাইদহের মহেশপুর উপজেলায় পৃথক সড়ক দুর্ঘটনায় ২ জন নিহত হয়েছে। আজ শুক্রবার (০১মার্চ) সকালে উপজেলার সস্তার বাজার এলাকায় ও গয়েশপুর গ্রামে এ দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলো-উপজেলার যোগিরহুদা গ্রামের আব্দুল মালেকের ছেলে জিসান (২৩) ও যাদবপুর ইউনিয়নের বড়বাড়ি গ্রামের রবিউল্লার ছেলে মমিনুর রহমান (২৮)।

মহেশপুর থানার ওসি মাহাব্বুর রহমান জানান, সকালে যোগিরহুদা গ্রাম থেকে ইজিবাইক চালক জিসান মোটরসাইকেল যোগে পার্শ্ববর্তী লেবুতলা গ্রামে যাচ্ছিলো। পথে সস্তার বাজারে পৌঁছালে বিপরীত দিকে থেকে আসা একটি আলমসাধুর সাথে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে জিসান গুরুতর আহত হয়। সেখান থেকে তাকে উদ্ধার করে মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

অপরদিকে সকাল সাড়ে ১১ টার দিকে একই উপজেলার গয়েশপুর গ্রামের মোড়ে বাশ বোঁঝায় ভ্যানকে পেছন দিক থেকে ধাক্কায় দেয় একটি মোটরসাইকেল। এতে মোটরসাইকের আরোহী বড়বাড়ি গ্রামের মমিনুর রহমান ঘটনাস্থলেই মারা যায়। আহত হয় আলী হোসেন নামের আরেকজন। নিহতের লাশ উদ্ধার করে মহেশপুর থানায় রাখা হয়েছে।

কোটচাঁদপুরে জমি কিনে বে-কায়দায় পড়লেন অসহায় পরিবার, মানববন্ধন

টাকা দিয়ে জমি কিনে বে-কায়দায় পড়েছেন, মৃত আলফাজ উদ্দিনের অসহায় পরিবার। জমি রেজিষ্ট্রি করে দেবার দাবিতে মানববন্ধন করেছেন ওই পরিবারটি।

আজ বৃহস্পতিবার কোটচাঁদপুরের হাড়ডাঙ্গা বিদ্যাধরপুর গ্রামের সড়কে এ কর্মসুচী পালন করেন ভুক্তভোগী পরিবার। এ সময় ওই পরিবারের পক্ষে প্রতিবাদ কর্মসূচীতে শতশত গ্রামবাসী অংশগ্রহন করেন বলে জানিয়েছেন সংশ্লিষ্টরা।

ভুক্তভোগী পরিবার সুত্রে জানা যায়, গেল ২০ বছর আগে কোটচাঁদপুর উপজেলার হাড়ডাঙ্গা বিদ্যাধরপুর গ্রামের দিদার বক্সের নিকট থেকে জমি কিনেন ওই গ্রামের আলফাজ উদ্দিন। সে থেকে দখলে নিয়ে জমিটি চাষাবাদ করে আসছেন পরিবারটি।

দিদার বক্সের নিকট ওই জমি রেজিষ্ট্রি করার কথা বললে তিনি আজ দিবা, কাল দিবে বলে কালক্ষেপণ করতে থাকে। হঠাৎ করে মারা যান জমির মালিক দিদার বক্স। রেখে যান স্ত্রী, পুত্র, কন্যা সন্তান।

গেল ১৫ দিন আগে দিদার বক্সের স্তী সালেহা বেগম ও মেয়ে শাহানাজ ওই জমি রেজিষ্ট্রি করে দেন অসহায় আলফাজের পরিবারকে। যার পরিমান ১১ শতক।

তবে বাকি জমি রেজিষ্ট্রি করে দিতে দ্বিমত জানিয়েছেন দিদারের বক্সের দুই ছেলে সাইদুর রহমান ও মিজানুর রহমান। রাতের অন্ধকারে নষ্ট করছেন দখলীকৃত জমির ফসল। হামলা মামলার ভয়ভীতিও দেখাচ্ছেন তারা।

কোন উপায় না পেয়ে আজ বৃহস্পতিবার কেনা জমি রেজিষ্ট্রি করে দেয়ার দাবিতে মানববন্ধন কর্মসূচি পালন করেছেন ভুক্তভোগী পরিবার। এ সময় গ্রামের শত শত মানুষ ওই পরিবারের পক্ষে প্রতিবাদ কর্মসুচীতে অংশ গ্রহন করেন।

মানববন্ধনে বক্তব্য রাখেন, কোটচাঁদপুরের হাড়ডাঙ্গা বিদ্যাধরপুর

গ্রামের আইনাল হক, আজগর আলী, মৃত আলফাজ মন্ডলের স্ত্রী মোছাঃ পরুল বেগম। অতি সত্তর আলফাজ উদ্দিনের স্ত্রীকে কেনা জমি ফেরত দেয়ার কথা বলেন বক্তারা। এ ছাড়া সংশ্লিষ্টদের নিকট সুষ্ঠ তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহনের দাবি ও জানান তারা।

ঝিনাইদহ প্রেসক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচন সম্পন্ন

উৎসবমুখর পরিবেশে ঝিনাইদহ প্রেসক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচন সম্পন্ন হয়েছে। নির্বাচনে একুশে টিভি ও জনকন্ঠ পত্রিকার প্রতিনিধি এম রায়হান সভাপতি ও এসএ টিভি ও দৈনিক বণিক বার্তা পত্রিকার প্রতিনিধি ফয়সাল আহমেদ সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হয়েছেন। গতকাল বৃহস্পতিবার বিকেলে ভোট গণণা শেষে নির্বাচন কমিশনার এ ফলাফল প্রকাশ করেন। সভাপতি এম রায়হান পেয়েছেন ৪৯ ভোট ও সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ পেয়েছেন ২৬ ভোট।

এছাড়াও আমাদের অর্থনীতি পত্রিকার প্রতিনিধি সুলতান আল একরাম ৩২ ভোট পেয়ে ১ নং ও ৩১ ভোট পেয়ে এশিয়ান টিভি, দৈনিক দেশ রুপান্তর ও বাংলানিউজটোয়েন্টিফোর’র প্রতিনিধি এম রবিউল ইসলাম রবি ২ নং সহ-সভাপতি নির্বাচিত হয়েছেন।

সহ-সাধারণ সম্পাদক পদে বিজয় টিভির প্রতিনিধি খোন্দকার জহুরুল ইসলাম হিরো ৪০ ও আমার সংবাদ পত্রিকার প্রতিনিধি খুরশিদ মোহাম্মদ সালেহ ৩০ ভোট পেয়ে নির্বাচিত হয়েছে। দপ্তর সম্পাদক পদে দৈনিক ঢাকা টাইমস পত্রিকার প্রতিনিধি শাহানুর আলম ৩৯ ভোট পেয়ে জয়ী হয়েছেন।

প্রচার সম্পাদক পদে চ্যানেল টোয়েন্টিফোর’র ঝিনাইদহ প্রতিনিধি সাদ্দাম হোসেন ২৬ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। ক্রীড়া সম্পাদক পদে ৩৩ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন দৈনিক স্বাধীন বাংলা পত্রিকার প্রতিনিধি খাইরুল ইসলাম নিরব।

৩৮ ভোট পেয়ে সাহিত্য ও পাঠাগার সম্পাদক পদে নির্বাচিত হয়েছে

গ্লোবাল টিভির ঝিনাইদহ প্রতিনিধি এস এম মেহেদি হাসান জিকু। সাংস্কৃতিক সম্পাদক পদে দৈনিক ভোরের কাগজ পত্রিকার প্রতিনিধি রোকনুজ্জামান মিলন ৩২ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন।

সময় টিভির স্টাফ রিপোর্টার লোটাস রহমান সোহাগ সর্ব্বোচ্চ ৫৬ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। এছাড়াও নির্বাহী সদস্য পদে কালেরকন্ঠের প্রতিনিধি এম সাইফুল মাবুদ ৩৮, প্রথম আলোর নিজস্ব প্রতিবেদক আজাদ রহমান ৩২, দৈনিক মানবজমিন পত্রিকার প্রতিনিধি আমিনুল ইসলাম লিটন ৩৯, দৈনিক নবচিত্রের বার্তা সম্পাদক আসিফ ইকবাল কাজ ৩৭, বাংলাভিশন টিভির প্রতিনিধি আসিফ ইকবাল মাখন ৩২, বৈশাখী টিভির প্রতিনিধি রফিকুল ইসলাম মন্টু ৪৪, দৈনিক অর্থনীতির কাগজ পত্রিকার প্রতিনিধি মোস্তফা কামাল ৩৬, দৈনিক লাখোকন্ঠ পত্রিকার প্রতিনিধি ওমর আলী সোহাগ ৪৭ ও দৈনিক একুশের বাণী পত্রিকার প্রতিনিধি রেজওয়ানুল ইসলাম বাপ্পি ৫০ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন।

আজ সকাল ১০ টা থেকে শুরু হওয়া এ নির্বাচন চলে বিরতিহীন ভাবে দুপুর ২ টা পর্যন্ত। নির্বাচেন ২১ টি পদে ৩৮ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বীতা করেন। নির্বাচনে ভোটারের সংখ্যা ৬৬ জন।

নির্বাচন কমিশনারের দ্বায়িত্বে ছিলেন ঝিনাইদহ আদালতের আইনজীবি সুভাষ বিশ্বাস মিলন, তন্ময় কুমার কুন্ডু ও কাজী মেহেদী হাসান প্রিন্স। নব-নির্বাচিত এই কমিটিতে স্বাগত জানিয়েছেন ঝিনাইদহের নানা শ্রেণী পেশার মানুষ।

কোটচাঁদপুরে ট্রেনের ধাক্কায় স্কুলছাত্র নিহত

ঝিনাইদহের কোটচাঁদপুরে ট্রেনের ধাক্কায় ফাহাদ হাসান (১৩) নামের এক স্কুল শিক্ষার্থী নিহত হয়েছে। নিহত শিক্ষার্থী কোটচাঁদপুর উপজেলার রাঙ্গিয়ারপোতা গ্রামের আব্দুস সামাদের ছেলে ও স্থানীয় এলাঙ্গী মফেজ উদ্দীন মাধ্যমিক বিদ্যালয়ের সপ্তম শ্রেণির শিক্ষার্থী।

বুধবার সকাল সাড়ে ৮টার দিকে বাড়ির পাশের রেলক্রসিং পার হতে গেলে খুলনা থেকে ছেড়ে আসা চিলাহাটিগামী কপোতাক্ষ এক্সপ্রেস ট্রেনটি তাকে ধাক্কা দেয়। ট্রেনের ধাক্কায় মোটরসাইকেল ছিন্নভিন্ন ও ফাহাদের শরীর ক্ষতবিক্ষত হয়ে ঘটনাস্থলেই নিহত হয়।

এলাঙ্গী মফেজ উদ্দীন মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক (আইসিটি) রবিউল ইসলাম জানান, ফাহাদ হাসান সকালে বাড়ি থেকে মোটরসাইকেল নিয়ে বাড়ির পাশে রেলক্রসিং পার হয়ে মাঠের দিকে যাচ্ছিল। সে মোটরসাইকেল নিয়ে রেললাইনের উপর গেলে দ্রুতগামি ট্রেনটি তাকে ধাক্কা দেয়।

কোটচাঁদপুর থানার ওসি সৈয়দ আল মামুন ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, স্কুল শিক্ষার্থী ফাহাদ সকালে একটি ডিসকভারি-১০০ মোটরসাইকেল নিয়ে রেললাইনের উপর গেলে এ দুর্ঘটনা ঘটে।

মরদেহ গ্রামবাসি তার বাড়িতে নিয়ে গেছে। এখন রেলওয়ে যশোর থানার পুলিশ মরদেহ সুরতহালের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন বলে যোগ করেন ওসি।

ঝিনাইদহে চিত্রা নদীর উপর নবনির্মিত সেতুর উদ্বোধন

দীর্ঘ প্রতীক্ষার পর ঝিনাইদহ কালীগঞ্জের প্রাণ কেন্দ্র চিত্রা নদীর উপর নব-নির্মিত দৃষ্টিনন্দন সেতুর উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার বেলা সাড়ে ১২টার সময় হাজার হাজার মানুষের উপস্থিতিতে প্রধান অতিথি ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য ও কালীগঞ্জ উপজেলা আওয়ামীলীগের সভাপতি আনোয়ারুল আজীম আনার ফিতা কেটে সেতুটি উদ্বোধন করেন ।

এ উপলক্ষে সকাল সাড়ে ৯টায় কালীগঞ্জ পৌর পরিষদ ও পৌর ব্যবসায়ী সমিতির আয়োজনে সেতুর সম্মূখে সড়কে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উল্লেখ্য, ৬২ মিটার দৈর্ঘ্য সেতুটি নির্মাণে ব্যায় হয়েছে ১৮

কোটি টাকা। নির্মিত সেতুটির মাঝপথ দিয়ে পরিবহন ও তার দু’পাশ দিয়ে পথচারী এবং রিকসা ভ্যান চলাচলের ব্যবস্থা রয়েছে। কনসিক এন্ড বিল্ড লিমিটেড নামে নির্মাণকারী প্রতিষ্ঠানের মাধ্যমে গত ২০২২ সালের ২০ জুলাই মাসে কার্যক্রম শুরু হয়েছিল।

উদ্বোধন অনুষ্টানে প্রধান অতিথি এমপি আনোয়ারুল আজীম আনার তার বক্তব্যে বলেন, আওয়ামীলীগ সরকার উন্নয়নের সরকার, আওয়ামীলীগ যখনই ক্ষমতায় আসে তখনই দেশের উন্নয়ন হয়। জাতীর জনকের কন্যা মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বে দেশে অভুতপূর্ব উন্নয়ন হয়েছে। এরই ধারাবাহিকতায় আজ বড় বাজারের চিত্রা নদির উপর দৃষ্টিনন্দন নান্দনীক এই সেতুর যাত্রা শুরু হলো। সেতুকে ঘিরে আশপাশের এলাকার মানুষ অর্থনৈতিক সম্ভাবনার নতুন স্বপ্ন দেখতে শুরু করেছেন।

ঝিনাইদহ সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলী আনোয়ার পারভেজের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন, সড়ক বিভাগের খুলনা জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী সৈয়দ আসলাম আলী, কালীগঞ্জ উপজেলা পরিষদ চেয়ারম্যান এসএম জাহাঙ্গীর সিদ্দিকী ঠান্ডু ও কালীগঞ্জ পৌর সভার মেয়র আশরাফুল আলম আশরাফ। পৌর ব্যবসায়ী সমিতির সাংগঠনিক সম্পাদক জহুরুল হক বিপ্লবের সঞ্চালনায় অনুষ্টানে আরো বক্তব্য রাখেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী, মহিলা ভাইস চেয়ারম্যান শাহনাজ পারভিন, মটর মালিক সমিতির সভাপতি ফরিদ উদ্দিন, উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক জাহাঙ্গীর হোসেন সোহেল, কালীগঞ্জ প্রেসক্লাবের সভাপতি সাংবাদিক জামির হোসেন, কালীগঞ্জ পৌর ব্যবসায়ী সমিতির সভাপতি আসাদুজ্জামান, সাধারণ সম্পাদক ইমদাদুল ইসলাম ইনতা, উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান ডাঃ রাশেদ শমসের, পূজা উদযাপন কমিটির সাংগঠনিক সম্পাদক বিপ্লব বিষ্ণু ও হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান ঐক্য পরিষদের সাধারন সম্পাদক উজ্জ্বল অধিকারী ছাড়াও পৌর পরিষদ, সড়ক বিভাগের কর্মকতা ও স্থানীয় গণমাধ্যমকর্মিগন উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে গৃহবধূ মঞ্জুরী’র মৃত্যুর সঠিক কারণ জানতে মানববন্ধন

ঝিনাইদহে গৃহবধূ মঞ্জুরী অধিকারী’র মৃত্যুর সঠিক কারণ উদঘাটনের জন্য তদন্তের দাবিতে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

বুধবার সকালে শহরের পোষ্ট অফিস মোড়ে এ কর্মসূচীর আয়োজন করে মৃত গৃহবধুর স্বজন ও এলাকাবাসী। এতে ব্যানার ফেস্টুন নিয়ে মঞ্জুরীর পরিবারের সদস্যসহ প্রতিবেশীরা অংশ নেয়।

সেসময় বক্তব্য রাখেন, মঞ্জুরীর স্বজন শ্বাশতী অধিকারী, সাদ্দাম, সুনিল, আজিজুল রহমান, সাথী, বিথী, রোকেয়াসহ অন্যান্যরা।

সেসময় বক্তারা অভিযোগ করে বলেন, মঞ্জুরী অধিকারীকে তার স্বামী ইমন দাস নেশাজাতীয় দ্রব্য খাইয়ে গলা টিপে হত্যা করে আত্মহত্যা বলে চালানোর চেষ্টা করছে। তাই মৃত্যুর সঠিক কারণ বের করে দোষীদের আইনের আওতায় আনার দাবী জানান তারা।

গত ১৮ ফেব্রুয়ারি ঝিনাইদহ শহরের কাঞ্চনপুর মধ্যপাড়ার একটি ভাড়া বাসা থেকে মুঞ্জরী রানীর মৃতদেহ উদ্ধার করে পুলিশ।